মিরপুরে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে কুষ্টিয়ার মিরপুর উপজেলায় র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৬ জুলাই) সকালে উপজেলা প্রশাসনের কার্যালয়ের সামনে থেকে এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)আব্দুল কাদিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান মর্জিনা খাতুন, মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আরএমও সহ পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও অন্যানরা।

বক্তারা বলেন, বর্তমানে পৃথিবীর জনসংখ্যা ৮০০ কোটি। ১৯৮৭ সালে ছিল ৫০০ কোটি। তাই পরিবার পরিকল্পনা কর্মসূচির গুরুত্ব অনস্বীকার্য। তারা বলেন, আমাদের মাতৃমৃত্যু হার, জন্মহার কমিয়ে আনতে হবে। স্বাভাবিক প্রসবের হার বাড়াতে হবে। আমাদের কর্মক্ষম লোকসংখ্যা বেশি। তাদের প্রশিক্ষিত করে তুলতে পারলে আমরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে পারব। তারা বলেন, পরিবার পরিকল্পনা বিভাগ কাজ করছে বলেই আজ বাংলাদেশ দারিদ্র্যসীমার ঊর্ধ্বে অবস্থান করছে।

সভাশেষে পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন ক্যাটেগরিতে শ্রেষ্ঠত্ব অর্জনকারী কর্মীদের মাঝে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।